



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৪.১২.২০১৬

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

১৪ ডিসেম্বর ১৯৭১ বাঙালী জাতির বিজয় যখন সুনিশ্চিত ঠিক তখনই পাক হানাদার বাহিনী ও তাদের এ দেশীয় দোসররা বাঙ্গালী জাতিকে মেধা শূন্য ও নেতৃত্বশূন্য করার লক্ষ্যে কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবী, শিক্ষক, সাংবাদিক, ডাক্তার ও বিভিন্ন শ্রেণী পেশার মানুষের ওপর চালায় বর্বরোচিত ও পৈচাশিক হত্যাকাণ্ড। আর এই দিনটি বাঙালী জাতির ইতিহাসে একটি অন্যতম বেদনাঘন দিন। বরাবরের মতোই বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। জাতির এ সূর্যসন্তানদের আত্মত্যাগকে স্মরণীয় করে রাখতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে কালো ব্যাজ ধারণ করে শোক র্যালি সহকারে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার সকাল ৮.৩০ মিনিটে বিবির কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় উপাচার্য মহোদয়ের সাথে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্টবৃন্দ, শিক্ষক মন্ডলী, রেজিস্ট্রারসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদ, সেক্টরস কমান্ডারস ফোরাম ববি শাখা, প্রভোস্টের নেতৃত্বে বঙ্গবন্ধু হলের শিক্ষার্থীরা, প্রভোস্টের নেতৃত্বে শেখ হাসিনা হলের শিক্ষার্থীরা, বিভিন্ন বিভাগ, ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের নেতৃবৃন্দ পুষ্পস্তবক অর্পণে অংশ নেন। দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১০ টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতির বক্তব্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস.এম. ইমামুল হক বলেন, ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর স্বাধীনতা বিরোধী চক্র পাক হানাদারদের এদেশীয় দোসররা জাতিকে মেধাশূন্য ও নেতৃত্বশূন্য করার লক্ষ্যে এবং স্বাধীনতা পরবর্তী বাংলাদেশ যাতে সুষ্ঠু ভাবে পরিচালিত হতে না পারে সে জন্যই জাতির এ সূর্যসন্তানদের তালিকা ধরে ধরে হত্যা করে। ৭৫ পরবর্তী প্রজন্মকে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস সম্পর্কে ভুল ব্যাখ্যা দেয়া হয়েছে। এক্ষেত্রে তৎকালীন সময়ে যারা রাষ্ট্র ক্ষমতায় ছিল তাদের পৃষ্ঠপোষকতায় এই ইতিহাস বিকৃতি হয়েছে। এখনও অনেক জায়গায় অনেক প্রতিষ্ঠানে জাতীয় সঙ্গীত গাওয়া হয় না, মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস চর্চা হয় না। এর বিরুদ্ধে আমাদেরকে সোচ্চার হতে হবে। তিনি বলেন আমরা যারা বিভিন্ন পর্যায়ের শিক্ষকতায় আছি আমাদের অনেক দায়িত্ব রয়েছে। আমাদের শিক্ষার্থী, সন্তান, পরিবার পরিজন এবং নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানাতে হবে। উপাচার্য মহোদয় আরও বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ে চলতি বছরে ৬টি বিভাগ থেকে গ্রাজুয়েট বের হবে। এদের মধ্যে স্নাতকোত্তর পর্যায়ে সামাজিক বিজ্ঞান ও কলা অনুষদের শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ওপরে চাইলে গবেষণা করতে পারবে। উপাচার্য মহোদয় বলেন আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ হতে সিডিকেট কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-১ বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীরের নামে ও একাডেমিক ভবন-২ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল এর নামে পরিচিত হবে। তিনি বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বের কারণে বাংলাদেশ এখন বিশেষ দরবারে রোল মডেল হিসেবে পরিচিত। তাঁর নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে এবং অচিরেই বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে পরিণত হবে। উপাচার্য মহোদয় বলেন যারা বুদ্ধিজীবী এবং বুদ্ধির মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তাঁদেরকে কোন ভাবেই অবজ্ঞা ও অবহেলা না করে যথাযথ মূল্যায়ন করতে হবে এ হোক শহীদ বুদ্ধিজীবী দিবসে আমাদের অঙ্গিকার। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, প্রক্টর মো. শফিউল আলম, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অহিদুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি তাজিজুর রহমান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ড. মো. হুমায়ুন কবীর, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের সভাপতি ও সেক্টরস কমান্ডারস ফোরাম ববি শাখার সাধারণ সম্পাদক তানভীর কায়সার, শিক্ষার্থীদের মধ্যে জহিরুল ইসলাম ও সাবিহা আক্তার, ৩য় শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের সাধারণ সম্পাদক মো. আমিনুল ইসলাম ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের সভাপতি মো. পারভেজ। সভাটি পরিচালনা করেন রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

b.university.pro@gmail.com